| গৃহায়ন ও গণপূর্ত মন্ত্রণালয় আইসিটি শাখা |
|---|
| প্রোগ্রামার |
| সহকারি মেইন্টেনেন্স ইঞ্জিনিয়ার |
| সহকারি প্রোগ্রামার |
| অন্যান্যঃ |
| ডাইরী নং- ৮৩৮৬ তারিখ- ০১/০১/২৩ |
| স্বাক্ষরঃ |

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
গৃহায়ন ও গণপূর্ত মন্ত্রণালয়
বাংলাদেশ সচিবালয়
উন্নয়ন শাখা-৮
www.mohpw.gov.bd

স্মারক নং-২৫.০০.০০০০.০২১.৩১.৯৯.২২- তারিখ- ২২ অগ্রহায়ণ, ১৪২৯ / ০৭ ডিসেম্বর, ২০২২

বিষয়ঃ গৃহায়ন ও গণপূর্ত মন্ত্রণালয়ের সেবা প্রদান প্রতিশ্রুতি (সিটিজেন চার্টার) সংক্রান্ত পরিবীক্ষণ কমিটির গৃহীত কার্যক্রম সংক্রান্ত প্রতিবেদন প্রেরণ।

উপর্যুক্ত বিষয়ে জানানো যাচ্ছে যে, গৃহায়ন ও গণপূর্ত মন্ত্রণালয়ের সেবা প্রদান প্রতিশ্রুতি (সিটিজেন চার্টার) সংক্রান্ত পরিবীক্ষণ কমিটি কর্তৃক গৃহীত কার্যক্রমের অগ্রগতি প্রতিবেদন পরবর্তী প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য নির্দেশক্রমে প্রেরণ করা হলো।

**সংযুক্তঃ**
পরিবীক্ষণ কমিটির সভার পত্র, হাজিরা ও সভার কার্যবিবরণী ০৩(তিন) ফর্দ।

৭/১২/২০২২
মুহাম্মদ ইকবাল হুসাইন
উপ সচিব
সদস্য সচিব ও বিকল্প ফোকাল পয়েন্ট, পরিবীক্ষণ কমিটি,
সেবা প্রদান প্রতিশ্রুতি (সিটিজেন চার্টার)।

মন্ত্রিপরিষদ সচিব
মন্ত্রিপরিষদ বিভাগ
বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
(দৃঃ আঃ উপ সচিব, সুশাসন অধিশাখা, মন্ত্রিপরিষদ বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা)।

স্মারক নং-২৫.০০.০০০০.০২১.৩১.৯৯.২২- ১০৫৬ তারিখ- ২২ অগ্রহায়ণ, ১৪২৯ / ০৭ ডিসেম্বর, ২০২২

অনুলিপি সদয় জ্ঞাতার্থে ও পরবর্তী কার্যার্থে প্রেরণ করা হলো(জ্যেষ্ঠতার ক্রমানুসারে নহে):

১। উপসচিব, প্রশাসন-২ অধিশাখা, আহ্বায়ক ও ফোকাল পয়েন্ট কর্মকর্তা, পরীবিক্ষণ কমিটি, সেবা প্রদান প্রতিশ্রুতি (সিটিজেন চার্টার), গৃহায়ন ও গণপূর্ত মন্ত্রণালয়,বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
২। উপসচিব (বাজেট-৪), আহ্বায়ক ও ফোকাল পয়েন্ট কর্মকর্তা, এপিএ টিম, গৃহায়ন ও গণপূর্ত মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
৩। সচিব মহোদয়ের একান্ত সচিব,গৃহায়ন ও গণপূর্ত মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়,ঢাকা(সচীব মহোদয়ের সদয় অবগতির জন্য)।
৪। সিস্টেম এন্যালিস্ট, গৃহায়ন ও গণপূর্ত মন্ত্রণালয়,বাংলাদেশ সচিবালয়, ঢাকা (ওয়েব সাইটে প্রকাশ করার জন্য)।
৫। অফিস কপি/মাস্টার কপি।

৭/১২/২০২২
মুহাম্মদ ইকবাল হুসাইন
উপ সচিব

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
গৃহায়ন ও গণপূর্ত মন্ত্রণালয়
বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
www.mohpw.gov.bd

গৃহায়ন ও গণপূর্ত মন্ত্রণালয়ের সেবা প্রদান প্রতিশ্রুতি (সিটিজেন চার্টার) কার্যকরভাবে বাস্তবায়নের জন্য দপ্তর/সংস্থার সমন্বয়ে অনুষ্ঠিত অবহিতকরণ সভার কার্যবিবরণী:

| | | |
|---|---|---|
| সভাপতি | : | মোঃ মোতাহার হোসেন, যুগ্মসচিব (প্রশাসন), আহবায়ক ও ফোকাল পয়েন্ট কর্মকর্তা, পরিবীক্ষণ কমিটি, সেবা প্রদান প্রতিশ্রুতি (সিটিজেন চার্টার), গৃহায়ন ও গণপূর্ত মন্ত্রণালয়, ঢাকা। |
| তারিখ ও সময় | : | ০৮-১১-২০২২ খ্রিঃ, সকাল ১১.৩০ ঘটিকা |
| স্থান | : | যুগ্মসচিব (প্রশাসন) এর দপ্তর |

**<u>সভায় উপস্থিত কর্মকর্তাবৃন্দের উপস্থিতির তালিকা পরিশিষ্ট "ক"</u>**

সভাপতি সকলকে স্বাগত জানিয়ে সভার কার্যক্রম শুরু করেন। তিনি সভাকে জানান যে, বার্ষিক কর্ম সম্পাদন চুক্তি (APA) এর আবশ্যিক কৌশলগত উদ্দেশ্য ১.৪-এ সেবা প্রদান প্রতিশ্রুতি বিষয়ে মন্ত্রণালয়ের দপ্তর/সংস্থার সমন্বয়ে সভা আয়োজনের বিধান রয়েছে। ফলে আজকের এ সভা আয়োজন করা হয়েছে। অতঃপর সভাপতির অনুমতিক্রমে সদস্য সচিব সভায় আলোচ্যসূচি উপস্থাপন করেন।

তিনি সভাকে আরো জানান যে, মন্ত্রিপরিষদ বিভাগের নির্দেশনা মোতাবেক গৃহায়ন ও গণপূর্ত মন্ত্রণালয়ের সেবা প্রদান প্রতিশ্রুতি (সিটিজেন চার্টার) হালনাগাদ করা হয়েছে। তিনি সেবা প্রদান প্রতিশ্রুতি বাস্তবায়নের লক্ষ্যে মতামত প্রদানের জন্য উপস্থিত সদস্যগণকে আহ্বান জানান।

জনাব অভিজিৎ রায়, উপসচিব প্রশাসন-৩ অধিশাখা সভাকে জানান যে, গত ২০২১-২০২২ অর্থ বছরের ন্যায় ২০২২-২০২৩ অর্থ বছরেও সিটিজেন চার্টার এর কার্যক্রম অব্যাহত রাখা হয়েছে।

জনাব তারিক হাসান, সিনিয়র সহকারী সচিব সভাকে জানান যে, সিটিজেন চার্টার এ যে সকল স্থানে "নির্ধারিত ফরমে" আবেদন করতে হবে মর্মে লেখা আছে তার পরিবর্তে নির্ধারিত ফরম/নমুনা ফরম সন্নিবেশিত/প্রতিস্থাপিত করার জন্য সিস্টেম এনালিস্ট, আইসিটি শাখা কে প্রয়োজনীয় নির্দেশনা প্রদান করতে হবে।

মন্ত্রিপরিষদ বিভাগের নির্দেশনা অনুযায়ী এ মন্ত্রণালয়ের সেবা প্রদান প্রতিশ্রুতি (সিটিজেন চার্টার) বিষয়ে গত ২০২১-২০২২ অর্থ বছরের ন্যায় ২০২২-২০২৩ অর্থ বছরেও পরিবীক্ষণ কমিটির সভা আয়োজন, স্টেকহোল্ডারগণের সমন্বয়ে সভা আয়োজনসহ অন্যান্য কার্যক্রম যথাযথভাবে পালন করার চেষ্টা অব্যাহত রাখতে হবে মর্মে সভাপতি নির্দেশনা প্রদান করেন।

সভায় বিস্তারিত আলোচনান্তে নিম্নবর্ণিত সিদ্ধান্তসমূহ সর্বসম্মতিক্রমে গৃহীত হয়ঃ

ক. সেবা প্রদান প্রতিশ্রুতি (সিটিজেন চার্টার) ২০২১-২০২২ নিয়মিত ওয়েবসাইটে হালনাগাদ অব্যাহত ছিল। তেমনি ২০২২-২০২৩ অর্থবছরেও ওয়েবসাইট হালনাগাদ করে এ মন্ত্রণালয়ের সিটিজেন চার্টার নিয়মিত ওয়েব সাইটে প্রকাশ করতে হবে;

খ. মন্ত্রিপরিষদ বিভাগের নির্দেশনা মোতাবেক গৃহায়ন ও গণপূর্ত মন্ত্রণালয়ের দপ্তর/সংস্থার স্টেক হোল্ডারগণের সমন্বয়ে নভেম্বর/২০২২ মাসে সভা আয়োজন করতে হবে;

গ. এ মন্ত্রণালয়ের বিভিন্ন শাখা/অধিশাখাসমূহের স্টেক হোল্ডারগণের সমন্বয়ে ডিসেম্বর/২০২২ মাসে সভা আয়োজন করতে হবে;

ঘ. ডিসেম্বর/২০২২ মাসে দিন ব্যাপী প্রশিক্ষণ আয়োজনের জন্য এ মন্ত্রণালয়ের উপসচিব, প্রশাসন শাখা-৫ বরাবর পত্র প্রেরণ করতে হবে।

ঙ. এ মন্ত্রণালয়ের শাখা/অধিশাখাসমুহকে তাদের (সিটিজেন চার্টার) সেবা গ্রহীতাগণের জন্য নির্ধারিত ফরম/নমুনা ফরম প্রণয়নপূর্বক ফোকাল পয়েন্ট কর্মকর্তার নিকট প্রেরণ করার জন্য তাগিদপত্র প্রেরণ করতে হবে;

চ. শাখা/অধিশাখাসমূহ হতে প্রাপ্ত নমুন ফরম এ মন্ত্রণালয়ের ওয়েব সাইটে প্রকাশিত বর্তমান সিটিজেন চার্টার এ যে সকল স্থানে "নির্ধারিত ফরমে" আবেদন করতে হবে মর্মে লেখা আছে তাহার পরিবর্তে নির্ধারিত ফরম/নমুনা ফরম সন্নিবেশিত/প্রতিস্থাপিত করার জন্য সিস্টেম এনালিস্ট, আইসিটি শাখা এর নিকট প্রেরণ করতে হবে;

অতঃপর সভাপতি উপস্থিত সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করেন।

স্বাঃ
মোঃ মোতাহার হোসেন
যুগ্মসচিব
ও
আহবায়ক ও ফোকাল পয়েন্ট কর্মকর্তা
পরিবীক্ষণ কমিটি
সেবা প্রদান প্রতিশ্রুতি (সিটিজেন চার্টার)

স্মারক ২৫.০০.০০০০.০২১.৩১.৯৯.২২-২০৪৭

তারিখ- ২০ অগ্রহায়ণ, ১৪২৯
০৫ ডিসেম্বর, ২০২২

অনুলিপি সদয় জ্ঞাতার্থে ও পরবর্তী কার্যার্থে প্রেরণ করা হলো(জ্যেষ্ঠতার ক্রমানুসারে নহে):

১। প্রধান প্রকৌশলী, গণপূর্ত অধিদপ্তর, পূর্ত ভবন, সেগুনবাগিচা, ঢাকা।
২। চেয়ারম্যান, রাজধানী উন্নয়ন কর্তৃপক্ষ/জাতীয় গৃহায়ন কর্তৃপক্ষ/চট্টগ্রাম উন্নয়ন কর্তৃপক্ষ/খুলনা উন্নয়ন কর্তৃপক্ষ/রাজশাহী উন্নয়ন কর্তৃপক্ষ/কক্সবাজার উন্নয়ন কর্তৃপক্ষ।
৩। প্রধান স্থপতি, স্থাপত্য অধিদপ্তর, সেগুনবাগিচা, ঢাকা।
৪। মহাপরিচালক, এইচ বি আর আই, মিরপুর রোড, দারুসসালাম, ঢাকা।
৫। বিভাগীয় কমিশনার, ঢাকা/চট্টগ্রাম/খুলনা/রাজশাহী ও চেয়ারম্যান, পরিত্যক্ত সম্পত্তি ব্যবস্থাপনা বোর্ড(এপিএমবি), ঢাকা।
৬। পরিচালক, সরকারি আবাসন পরিদপ্তর/অভ্যন্তরীন নিরীক্ষা পরিদপ্তর, ঢাকা।
৭। পরিচালক, নগর উন্নয়ন অধিদপ্তর, ঢাকা।
৮। আহ্বায়ক ও ফোকাল পয়েন্ট, পরিবীক্ষণ কমিটি, সেবা প্রদান প্রতিশ্রুতি (সিটিজেন চার্টার), গৃহায়ন ও গণপূর্ত মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
৯। উপসচিব, (প্রশাসন-৩), গৃহায়ন ও গণপূর্ত মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
১০। উপসচিব (উন্নয়ন-০৭) , গৃহায়ন ও গণপূর্ত মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
১১। সচিব মহোদয়ের একান্ত সচিব,গৃহায়ন ও গণপূর্ত মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়,ঢাকা(সচিব মহোদয়ের সদয় অবগতির জন্য)।
১২। আহ্বায়ক ও ফোকাল পয়েন্ট, এপিএ টিম, গৃহায়ন ও গণপূর্ত মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
১৩। সিস্টেম এনালিস্ট, আইসিটি শাখা, গৃহায়ন ও গণপূর্ত মন্ত্রণালয়, ঢাকা।
১৪। জনাব তারিক হাসান, সিঃসঃসচিব(পরিকল্পনা), গৃহায়ন ও গণপূর্ত মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
অফিস কপি/মাস্টার কপি।

০৫/১২/২০২২
মুহাম্মদ ইকবাল হুসাইন
উপ সচিব
সদস্য সচিব ও বিকল্প ফোকাল পয়েন্ট,
পরিবীক্ষণ কমিটি, সেবা প্রদান প্রতিশ্রুতি (সিটিজেন চার্টার)।